গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০২৩.২০১৫ (অংশ-১)-৫৩৪

তারিখ : ২৫ শ্রাবণ, ১৪২৪ / ০৯ আগস্ট, ২০১৭

প্রেরক : মোঃ মাহবুবুর রহমান
উপ-সচিব
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি, নিউ সার্কুলার রোড
মালিবাগ মোড়, মৌচাক টাওয়ার (১১ তলা), ঢাকা।

বিষয় : ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানীভাতা নির্ধারণ প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১০(৫) ধারা এবং অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১২৯.০০.০০৬.১৩-৭৩, তারিখ : ২১/০৬/২০১৭খ্রিঃ অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণের মাসিক সম্মানীভাতা (সরকারী অংশ ও ইউপি অংশ) নিম্নরূপভাবে পুনঃনির্ধারণের জন্য অনুমোদন জ্ঞাপন করছি :

| নং | পদবী | সরকারী অংশ | ইউপি অংশ | মোট |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান | ৪,৫০০/- | ৫,৫০০/- | ১০,০০০/- |
| ২ | সদস্য | ৩,৬০০/- | ৪,৪০০/- | ৮,০০০/- |

২। ১ জুলাই, ২০১৬ তারিখ হতে ইহা কার্যকর হবে;

৩। স্থানীয় সরকার বিভাগের ০৫/০৭/২০১০ইং তারিখের স্থাসবি/ইপ/বিধি-২৫/৯৯/৫৭২ নম্বর স্মারকটি এতদ্বারা বাতিল করা হল।

(মোঃ মাহবুবুর রহমান)
উপ-সচিব
ফোন : ৯৫১৪১৯০

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০২৩.২০১৫ (অংশ-১)-৫৩৪

তারিখ : ২৫ শ্রাবণ, ১৪২৪ / ০৯ আগস্ট, ২০১৭

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃষ্টি আকর্ষণ : সহকারী সচিব (বাঃপ্রবি-৪)]।

পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মৌচাক টাওয়ার (১১ তলা), মালিবাগ, ঢাকাকে অবহিতকরণের অনুরোধসহ জারীকৃত জিও এর ০৩ (তিন) টি অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হল।

(মোঃ মাহবুবুর রহমান)
উপ-সচিব
ফোন : ৯৫১৪১৯০

(অংপৃঃদ্রঃ)

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৮৮-আইন/২০১৭।**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সালের ৫৮ নং আইন) এর ধারা ১২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার মেয়র ও কাউন্সিলরগণের বিশেষ সুবিধা, কর্তব্য ও দায়িত্বভার (মেয়র ও কাউন্সিলরগণের সম্মানী) বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৬ এর উপ-বিধি (১) এর দফা (ক) এর উপ-দফা (অ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (অ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(অ) মেয়র ও কাউন্সিলরগণের মাসিক সম্মানী ভাতার হার হইবে নিম্নরূপ, যথা:—

**টেবিল**

| ক্রমিক নং | পৌরসভার শ্রেণি | মেয়র | কাউন্সিলর |
|---|---|---|---|
| ১। | 'ক' শ্রেণি | ৪০,০০০/-<br>(চল্লিশ হাজার টাকা) | ১০,০০০/-<br>(দশ হাজার টাকা) |
| ২। | 'খ' শ্রেণি | ৩০,০০০/-<br>(ত্রিশ হাজার টাকা) | ৯,০০০/-<br>(নয় হাজার টাকা) |
| ৩। | 'গ' শ্রেণি | ২৪,০০০/<br>(চব্বিশ হাজার টাকা) | ৯,০০০/-<br>(নয় হাজার টাকা) |



মূল্য : টাকা ৪.০০

(খ) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৭। **মেয়র ও কাউন্সিলরগণের প্রাপ্য আর্থিক সুবিধাদির ব্যয় নির্বাহ**।—বিধি ৬ এ মেয়র ও কাউন্সিলরগণের জন্য নির্ধারিত বিভিন্ন আর্থিক সুবিধাদি, যথাক্রমে- সম্মানী ভাতা, ভ্রমণ ভাতা ও দায়িত্বভার ভাতা পৌরসভার রাজস্ব তহবিল হইতে নির্বাহ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, পৌরসভার রাজস্ব আয় দ্বারা উহার নির্ধারিত কর্মসম্পাদন ও দায়-দেনা পরিশোধের পর রাজস্ব খাতে জমাকৃত অবশিষ্ট অর্থ হইতে মাসিক সম্মানী ভাতা নির্বাহ করা হইবে।" ।

২। ইহা ১ জুলাই, ২০১৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: